



টঙ্গীতে শিশু নিপীড়নের অভিযোগে মাদ্রাসা শিক্ষকের জামিন নামঞ্জুর



ছবি: সংগৃহীত

গাজীপুরের টঙ্গীতে সাত বছর বয়সী এক ছাত্রীকে যৌন নিপীড়নের অভিযোগে গ্রেপ্তার মাদ্রাসার ভাইস প্রিন্সিপাল মোসলিম উদ্দিনের জামিন আবেদন নাকচ করেছেন আদালত। রোববার (২৫ অক্টোবর) আদালত তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

শিশুটির বাবা এ ঘটনায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা করেন। বৃহস্পতিবার গাজীপুর মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে শিশুটির জবানবন্দী নেওয়া হয়।

পুলিশ জানায়, গত ১৯ অক্টোবর মাদ্রাসার নিচতলার সিঁড়িতে শিশুটিকে যৌন নিপীড়নের অভিযোগ ওঠে। এরপর থেকে সে মাদ্রাসায় যেতে চাইছিল না। পরিবারের সদস্যরা কারণ জানতে চাইলে পরে তাদের কাছে ঘটনার কথা জানায় শিশুটি।

গত ২১ অক্টোবর দুপুরে শিশুটির স্বজনেরা মাদ্রাসায় গিয়ে শিক্ষককে জিজ্ঞাসাবাদ করেন। বিষয়টি জানাজানি হলে স্থানীয় লোকজন সেখানে জড়ো হন এবং শিক্ষককে মারধর করেন। পরে পুলিশ গিয়ে তাকে উদ্ধার করে থানায় নিয়ে যায়।

এ ঘটনায় তদন্ত করতে মাদ্রাসা থেকে সিসিটিভি ফুটেজসহ বিভিন্ন আলামত সংগ্রহ করেছে পুলিশ। সংশ্লিষ্ট ব্যক্তিদের বক্তব্যও নেওয়া হয়েছে।

টঙ্গী পশ্চিম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আরিফুর রহমান বলেন, ঘটনাস্থল থেকে আলামত সংগ্রহ করা হয়েছে। প্রাথমিকভাবে ঘটনার সত্যতা পাওয়া গেছে। তদন্ত চলছে।